গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
(বাণিজ্য সংগঠন-২ শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

স্মারক নম্বর: ২৬.০০.০০০০.১৫৭.৩৩.০১৫.৯০ (অংশ-৩)-৭২

তারিখ: ২০ শ্রাবণ ১৪৩২ / ০৪ আগস্ট ২০২৫

**অফিস আদেশ**

যেহেতু, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস্ অব বাংলাদেশ (আটাব) বাণিজ্য মন্ত্রণালয়ের লাইসেন্সপ্রাপ্ত একটি নিবন্ধিত বাণিজ্য সংগঠন;

যেহেতু, উক্ত এসোসিয়েশন এর বর্তমান কমিটি অবৈধ ভোটের মাধ্যমে নির্বাচনে জয়ী হয়েছেন;

যেহেতু, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের নিষেধ সত্ত্বেও আটাব এর বর্তমান কমিটি আটাব অনলাইন নামে একটি প্ল্যাটফর্মের মাধ্যমে অনেক শেয়ার হোল্ডারদের টাকা আত্মসাৎ করেছেন মর্মে অভিযোগ পাওয়া গেছে ;

যেহেতু, উক্ত এসোসিয়েশন এর বর্তমান কার্যনির্বাহী কমিটির সভাপতির বিরুদ্ধে বিভিন্ন অনিয়মের অভিযোগ রয়েছে;

যেহেতু, উক্ত এসোসিয়েশন এর সভাপতি ও মহাসচিবের বিরুদ্ধে গ্রেফতারের জন্য মানববন্ধন হয়েছে;

যেহেতু, আটাব সংস্কার পরিষদ কর্তৃক এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস্ অব বাংলাদেশ (আটাব) এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে কার্যনির্বাহী কমিটি বিলুপ্ত করে প্রশাসক নিয়োগের আবেদন পাওয়া গেছে;

সেহেতু, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস্ অব বাংলাদেশ (আটাব) এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ১৭ ধারা মোতাবেক সংগঠনটির পরিচালনা পর্ষদ বাতিলপূর্বক সরকারের অনুমোদনক্রমে জনাব মোতাকাব্বীর আহমেদ, উপসচিব, বাণিজ্য মন্ত্রণালয়-কে এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস্ অব বাংলাদেশ (আটাব) এর প্রশাসক নিয়োগ করা হলো। তিনি ১২০ (একশত বিশ) দিনের মধ্যে ভোটার তালিকা হালনাগাদসহ একটি সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন করত: নির্বাচিত কমিটির নিকট দায়িত্ব হস্তান্তর করে এ মন্ত্রণালয়কে অবহিত করবেন।

০৪/০৮/২০২৫
মুহাম্মদ রেহান উদ্দিন
মহাপরিচালক (অঃদাঃ)
ফোন- ৯৫৪০৬৭৯
ই-মেইল: dgeneral.to@mincom.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন, ১ কারওয়ান বাজার, ঢাকা
০২। জেলা প্রশাসক, ঢাকা
০৩। প্রশাসক, এফবিসিসিআই, ৬০ মতিঝিল, বা/এ, ঢাকা
০৪। জনাব মোতাকাব্বীর আহমেদ, উপসচিব (প্রশাসন-৫), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৬। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৭। জনসংযোগ কর্মকর্তা, উপদেষ্টার দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৮। অফিস সচিব, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস্ অব বাংলাদেশ (আটাব), সাত্তারা সেন্টার, ১৬ তলা, ৩০/এ, নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা-১০০০

০৪/৮/২৫
(চৌধুরী সামিয়া ইয়াসমীন)
উপসচিব (অ:দা:)